

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০০৭.১৮-৯৬

তারিখ: ০৫.০৬.২০১৮ খ্রি.

বিষয়: কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলাধীন খাকশ্রী নূরুল উলুম ডি.এস.আলিম মাদরাসার শিক্ষক কর্মচারীদের নভেম্বর ও ডিসেম্বর /১৭খ্রি: মাসের বেতন-ভাতা (এমপিও) উত্তোলনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) খাকশ্রী নূরুল উলুম ডি.এস.আলিম মাদরাসার স্মারক নং-খা আ মা/১৩/০৫.১৮

তারিখ: ১৭.০৫.২০১৮ খ্রি.

(২) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০০.১৭.০০৭.১৮-১১

তারিখ: ১৬.০৪.২০১৮ খ্রি.

(৩) শিক্ষা মন্ত্রণালয়ের শাখাঃ ১১ এর স্মারক নং- শিম/শাঃ১১/২(২)/৯৯(অংশ-১)/১২৮৮

তারিখ: ০৫.১০.২০০২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলাধীন খাকশ্রী নূরুল উলুম ডি.এস.আলিম মাদরাসার কমিটি না থাকায় শিক্ষক কর্মচারীদের নভেম্বর ও ডিসেম্বর /১৭খ্রি: মাসের বেতন ভাতাদি (এমপিও) যথাসময়ে উত্তোলন করতে না পারায় অনুত্তোলিত বেতন ভাতাদি (এমপিও) উত্তোলনের অনুমতির জন্য সূত্রে বর্ণিত (১) নং স্মারকের মাধ্যমে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক আবেদন করা হয়।


০২. সূত্রে বর্ণিত (২) নং পত্রের মাধ্যমে বিকল্প কর্মকর্তার (উপজেলা নির্বাহী কর্মকর্তা /জেলা প্রশাসক) স্বাক্ষরে এমপিও উত্তোলনের সুযোগ থাকার পরও কেন যথাসময়ে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা উত্তোলন করা সম্ভব হয়নি তার ব্যাখ্যা প্রদান করতে বলা হয়।

০৩. সূত্রে বর্ণিত (৩) নং পত্রে উল্লেখ রয়েছে, “যে সমস্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি এর সভাপতি নেই অথবা অন্য কোন কারণে উল্লিখিত কমিটি ও গভর্নিং বডির কার্যক্রম স্থগিত আছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা উত্তোলনের স্বার্থে প্রতিষ্ঠানের বিলে সংশ্লিষ্ট উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও জেলা সদরে জেলা প্রশাসক প্রতিস্বাক্ষর করবেন”।

০৪. সূত্রে বর্ণিত (২) নং পত্রের প্রেক্ষিতে খাকশ্রী নূরুল উলুম ডি.এস.আলিম মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর জবাবে জানা যায় যে, মাদরাসার গভর্নিং বডির উপর মহামান্য হাইকোর্টের স্থগিতাদেশ থাকায় নভেম্বর/২০১৭ ও ডিসেম্বর/২০১৭ খ্রি: মাসের বেতন ভাতাদি (এমপিও) যথাসময়ে উত্তোলন করতে পারেননি। উল্লেখ্য যে, যে সমস্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি এর সভাপতি নেই অথবা অন্য কোন কারণে উল্লিখিত কমিটি ও গভর্নিং বডির কার্যক্রম স্থগিত আছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা উত্তোলনের স্বার্থে প্রতিষ্ঠানের বিলে সংশ্লিষ্ট উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও জেলা সদরে জেলা প্রশাসক প্রতিস্বাক্ষর করবেন এই বিষয়টি খাকশ্রী নূরুল উলুম ডি.এস.আলিম মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) সাহেবের জানা ছিল না এবং ভবিষ্যতে এই ধরনের ভুল হবে না এই মর্মে অঙ্গীকার প্রদান করেছেন।

০৫. এমতাবস্থায়, খাকশ্রী নূরুল উলুম ডি.এস.আলিম মাদরাসার শিক্ষক কর্মচারীদের নভেম্বর/২০১৭ ও ডিসেম্বর/২০১৭ খ্রি: মাসের বেতন-ভাতা এমপিও উত্তোলনের অনুমতি প্রদান করা হলো।

ডেপুটি জেনারেল ম্যানেজার,
অগ্রণী ব্যাংক লিঃ, প্রধান শাখা।


05.06.18
(মো: আবদুল মুকীত)
সহকারী পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ adfinance.dme@gmail.com

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।
- ২। উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
- ৫। ম্যানেজার, অগ্রণী ব্যাংক লিঃ, করিমগঞ্জ শাখা, কিশোরগঞ্জ।
- ৬। সভাপতি, খাকশ্রী নূরুল উলুম ডি.এস.আলিম মাদরাসা, ডাক: ন্যামতপুর, উপজেলা: করিমগঞ্জ, জেলা : কিশোরগঞ্জ।
- ৭। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), খাকশ্রী নূরুল উলুম ডি.এস.আলিম মাদরাসা, ডাক: ন্যামতপুর, উপজেলা: করিমগঞ্জ, জেলা : কিশোরগঞ্জ।
- ৮। অফিস কপি।